

১৭টি বেসরকারি বিশ্ববিদ্যালয় অননুমোদিত ও অস্বচ্ছ প্রক্রিয়ায় নিয়োগ পাওয়া উপাচার্য দিয়ে পরিচালিত হচ্ছে

রাফিক উব্বিন

সরকার অননুমোদিত ৫২টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ১৭টিতেই কোন উপাচার্য নেই। সরকারের খাতায় এসব প্রতিষ্ঠানের উপাচার্যের পদ বর্তমানে শূন্য আছে। তবে বর্তমানে এসব বিশ্ববিদ্যালয় পরিচালিত হচ্ছে অননুমোদিত ও অস্বচ্ছ প্রক্রিয়ায় নিয়োগ পাওয়া উপাচার্য দিয়ে। এর মধ্যে দুটি বিশ্ববিদ্যালয় পরিচালিত হচ্ছে দুই থেকে কমপক্ষে চারজন উপাচার্য দিয়ে।

উপাচার্য নিয়োগ দিয়ে প্রতিষ্ঠান পরিচালনা করছেন। ফলে শিক্ষা মন্ত্রণালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনও (ইউজিসি) এসব প্রতিষ্ঠানের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম তদারকিতে অসীহা দেখাচ্ছে। সরকারের পক্ষ থেকে বারবার তাপানা দেয়া সত্ত্বেও বিশ্ববিদ্যালয়গুলোতে স্বচ্ছভাবে উপাচার্য নিয়োগ দেয়া হচ্ছে না। এমনকি প্রতিষ্ঠানগুলোতে সীতাবে শিক্ষার্থী ভর্তি ও শিক্ষক-কর্মচারী নিয়োগ দেয়া হচ্ছে সে সম্পর্কে কোন তথ্য নেই। এছাড়া গত ১৪ মার্চ অননুমোদন পাওয়া নতুন ৮টি বিশ্ববিদ্যালয়ের ৬টিতে নিয়োগ : পৃষ্ঠা : ২৩ : ৬

উপাচার্যবিহীন বিশ্ববিদ্যালয়ের মালিকরা নিজেদের পছন্দের

নিয়োগ : পাওয়া উপাচার্য

(১ম পৃষ্ঠার পর)

এখনও উপাচার্য নিয়োগ দেয়া হয়নি। বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সম্পর্কে সম্প্রতি প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে একটি প্রতিবেদন চাওয়া হয়। সেই পরিশ্রেণিতে শিক্ষা মন্ত্রণালয় সম্প্রতি এ বিষয়ে একটি আপ-গ্রেডেড (সর্বশেষ অবস্থা সম্পর্কিত) তালিকা পাঠিয়েছে প্রধানমন্ত্রীর কার্যালয়ে। উপাচার্যবিহীন বিশ্ববিদ্যালয় : শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, ট্রাস্টি বোর্ডের বিরোধের কারণে নর্থ সাত্‌থ ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. হাফিজ সিএ সিদ্দিকী গত ১১ জুলাই পদত্যাগ করেছেন। এরপর থেকেই ওই বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদটি শূন্য আছে।

১৯৯৩ সালে রাজধানীর হাটখোলা রোডে প্রতিষ্ঠিত সেন্ট্রাল উইমেন ইউনিভার্সিটির উপাচার্যের পদটিও দীর্ঘদিন ধরে শূন্য আছে। ১৯৯৩ সালে প্রতিষ্ঠিত দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের মালিকরা কমপক্ষে চারটি ভাগে বিভক্ত হয়ে পৃথক পৃথক উপাচার্য দিয়ে সনদ বাণীভা করছে। কিন্তু মালিকরা সরকার সমর্থিত প্রজাবশাদী ব্যক্তি হওয়ার তাদের বিরুদ্ধে শিক্ষা প্রশাসন কোন ব্যবস্থা নিতে পারছে না।

১৯৯৫ সালে চট্টগ্রামে প্রতিষ্ঠিত আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদটিও দীর্ঘদিন ধরে শূন্য আছে। ১৯৯৬ সালে রাজধানীর উত্তরায় প্রতিষ্ঠা করা এশিয়ান ইউনিভার্সিটি অফ বাংলাদেশের উপাচার্য ড. আবুল হাসান মুহাম্মদ সাদেককে সম্প্রতি অপসারণ করেছে তারই আপন ভাই হারুন মিঞা। ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. নুরুল হোসেনের মেয়াদ ইতোমধ্যেই শেষ হয়ে গেছে। তার পুনর্নিয়োগের প্রস্তাব ইতোমধ্যেই চ্যান্সেলরের কার্যালয়ে পাঠানো হয়েছে। কিন্তু অননুমোদন দেয়া হচ্ছে না। রাজধানীর মুহাম্মদপুরে ২০০১ সালে প্রতিষ্ঠিত বাংলাদেশ ইউনিভার্সিটির উপাচার্যের পদটিও দীর্ঘদিন ধরে শূন্য আছে। ২০০১ সালের নভেম্বরে প্রতিষ্ঠিত হওয়া সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অফ ট্রাস্টিজ গঠন না হওয়া ওই বিশ্ববিদ্যালয়ের স্থানীয় উপাচার্যকে বৈধতা দিচ্ছে না সরকার। ধানমন্ডিতে ২০০১ সালের ৫ ডিসেম্বর প্রতিষ্ঠিত হয় ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অন্টারনেট (ইউডা)। এই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এমাজ উদ্দীন আহমেদের চুক্তিভিত্তিক মেয়াদ শেষ হয়েছে প্রায় সাড়ে তিন বছর আগে। কিন্তু চ্যান্সেলরের অননুমোদন ছাড়াই এখনও এই প্রতিষ্ঠানের উপাচার্যের পদে বহাল আছেন ড. এমাজ উদ্দীন আহমেদ।

রাজধানীর ধানমন্ডিতে ২০০২ সালে প্রতিষ্ঠিত ইবাহিস ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. বশরত রিজাতুর রহমান গত বছরের শেষের দিকে মৃত্যুবরণ করেন। এর পরই বিশ্ববিদ্যালয়টির মালিকানা হাথ শুরু হয়। মালিকানা হাথে জর্জরিত এই বিশ্ববিদ্যালয়টির উপাচার্যের পদ শূন্য আছে প্রায় দশ মাস ধরে। ২০০২ সালে রাজধানীতে প্রতিষ্ঠিত প্রাইম ইউনিভার্সিটির মালিকরা দু'ভাগে বিভক্ত হয়ে পৃথক পৃথক উপাচার্য বসিয়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে। ফলে চ্যান্সেলর এই বিশ্ববিদ্যালয়ের কোন পক্ষের উপাচার্যকেই অননুমোদন দিচ্ছেন না। ২০০৩ সালে সিলেটে প্রতিষ্ঠিত মেট্রোপলিটন ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর আবদুল আজিজের চার বছরের মেয়াদ অনেক আগেই শেষ হয়েছে। কিন্তু স্বচ্ছ প্রক্রিয়ায় উপাচার্য নিয়োগ না দেয়ার ওই প্রতিষ্ঠানের উপাচার্যকে অননুমোদন দিচ্ছে না সরকার।

রাজধানীর পান্থপথে ২০০৩ সালের ২৯ এপ্রিল প্রতিষ্ঠিত হয় ভিক্টোরিয়া ইউনিভার্সিটি। কিন্তু অবৈধভাবে পরিচালিত হওয়ার প্রতিষ্ঠার পর থেকেই এই বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে অননুমোদন দিচ্ছে না চ্যান্সেলর। ফলে প্রায় ৯ বছর ধরেই অবৈধভাবে পরিচালিত হচ্ছে এই প্রতিষ্ঠানটি।

রাজধানীর গুলশানে ২০০৩ সালে প্রতিষ্ঠিত প্রেসিডেন্সি ইউনিভার্সিটির উপাচার্যের পদটি দীর্ঘদিন ধরে শূন্য আছে। কিন্তু কর্তৃপক্ষ আইনি প্রক্রিয়ায় উপাচার্য নিয়োগও করেনি এবং এর অননুমোদনও চাননি। আর ২০০৩ সালের ৩০ আগস্ট প্রতিষ্ঠিত রয়্যাল ইউনিভার্সিটি অফ ঢাকার মালিকানা নিয়ে দীর্ঘদিন ধরে হাথ চলমান থাকায় এই বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদটি প্রায় এক বছর ধরে শূন্য আছে।

রাজধানীর গুলশানে ২০০৪ সালের ১৮ আগস্ট প্রতিষ্ঠিত অসীম দীপংকর বিজ্ঞান ও শ্রমিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আনোয়ারা বেগমের (শাবেক রত্নপতি ড. ইমাজউদ্দিন আহমেদের স্ত্রী) মেয়াদ গত বছর শেষ হয়েছে। কিন্তু তিনি আইনি প্রক্রিয়ায় পুনরায় নিয়োগ না পাওয়ায় জোরপূর্বক প্রতিষ্ঠানটি দখলে নেয়ার চেষ্টা করেন। বর্তমানে জোরপ্রাপ্ত উপাচার্য দিয়ে প্রতিষ্ঠানটি পরিচালিত হচ্ছে। আর রাজধানীর বনানীতে ২০০৩ সালের ১২ মে প্রতিষ্ঠিত হওয়া ইউনিভার্সিটি অফ সাত্‌থ এশিয়া'র উপাচার্য অনেক আগে মৃত্যুবরণ করেছেন। তাই দীর্ঘদিন ধরেই এই বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদটি শূন্য আছে।